গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০৩২.২০১৫-১০১

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২৩ / ০৮ মার্চ ২০১৭

বিষয়: বেসরকারি পর্যায়ে নার্সিং কলেজের মেয়াদ ও আসন বৃদ্ধির অনুমোদন ।

গত ১৪-০২-২০১৭ তারিখের বেসরকারী পর্যায়ে নার্সিং কলেজ/বিএসসি ইন নার্সিং কোর্স চালুকরণ সংক্রান্ত নীতিনির্ধারণী কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সরকার নিম্নোক্ত শর্তে প্রতিষ্ঠানের মান বিবেচনায় পূর্বের বরাদ্দকৃত আসন বহাল রেখে ও ক্ষেত্র বিশেষে আসন সংখ্যা বৃদ্ধিকরত: ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ পর্যন্ত নিম্নোক্ত নার্সিং কলেজের সাময়িক অনুমোদনের মেয়াদ বৃদ্ধি ও আসন সংখ্যা বৃদ্ধির অনুমতি প্রদান করছে :

শর্তসমূহ:

১. নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরন সংক্রান্ত নীতিমালা (স্বাপকম/নাসা/বিএনসি/(অডিন্যান্স)-২/২০০৮/৪২৭ তাং ১২/০৭/২০০৯ এর (সর্বশেষ সংশোধনীসহ) যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
২. কমপক্ষে ৩০,০০০ (ত্রিশ হাজার) বর্গফুটের একাডেমিক ভবন ব্যবহার নিশ্চিত করতে হবে।
৩. তাত্ত্বিক শিক্ষার ক্ষেত্রে শিক্ষার্থী-শিক্ষক অনুপাত ২০:১ জন, বিষয়ভিত্তিক ব্যবহারিক শিক্ষার জন্য শিক্ষার্থী: শিক্ষক অনুপাত ৮:১ জন থাকতে হবে।
৪. নীতিমালার ধারা ৬.৯(১) অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ দিতে হবে। বিএসসি'র ক্ষেত্রে অধ্যক্ষ এর যোগ্যতাঃ কমপক্ষে কাউন্সিলের রেজিস্টার্ড-সহ এমএসসি ইন নার্সিং পাশকৃত ০৭ বছর শিক্ষকতায় অভিজ্ঞ হতে হবে।
৫. ক্লিনিক্যাল প্র্যাকটিসের জন্য প্রয়োজনীয় চুক্তিপত্র/সম্মতিপত্র সংরক্ষন করতে হবে, যা সময়ে সময়ে নিরীক্ষা/ যাচাই করা হবে।
৬. শিক্ষার্থী আনুপাতিক হারে শ্রেনী কক্ষ, ০৭ টি ল্যাব, কমন রুম, লাইব্রেরী, অডিটোরিয়াম, অফিস রুম, হিসাব রুম, স্টোর রুম রাখা নিশ্চিত করতে হবে।
৭. প্রয়োজনীয় উপকরনাদি দ্বারা শিক্ষার্থীদের জন্য হোস্টেল ব্যবস্থা থাকতে হবে।
৮. অনুমোদিত আসনের শতকরা ৫ টি আসন দেশের দরিদ্র, মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত রাখতে হবে।
৯. শিক্ষক ও অন্যান্য স্টাফ লিখিত নিয়োগপত্র দ্বারা নিযুক্ত হবেন যাতে অবশ্যই চাকুরীর শর্তাবলী ও বেতন-স্কেল উল্লেখ থাকবে, নীতিমালার ৬.৯(২) অনুচ্ছেদে মোতাবেক কোন ক্রমেই সরকারি বেতন কাঠামোর নিচে বেতন-ভাতাদি প্রদান করা যাবে না। নিয়োগপত্রের অনুলিপি বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলে প্রেরণ করতে হবে।
১০. কর্মরত নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই হালনাগাদ/নবায়ন থাকতে হবে।
১১. কোনক্রমেই বরাদ্দকৃত আসনের ২০% এর বেশি পুরুষ শিক্ষার্থী (ছাত্র) ভর্তি করা যাবে না।
১২. শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষায় বিএনএমসি'র প্রতিনিধি রাখা নিশ্চিত করতে হবে।
১৩. যথাসময়ে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলে অধিভূক্তি ফি প্রদান ও স্টুডেন্ট রেজিস্ট্রেশনসহ যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

বিদ্যমান নার্সিং কলেজ:

| ক্র:নং | প্রতিষ্ঠানের নাম | আসন বহাল/বৃদ্ধি |
|---|---|---|
| ১. | বারডেম নার্সিং কলেজ, ঢাকা । | পূর্বের আসন বহাল |
| ২. | ঢাকা সেন্ট্রাল ইন্টারন্যাশনাল নার্সিং কলেজ এন্ড ইনস্টিটিউট, শ্যামলী, ঢাকা । | পূর্বের আসন বহাল |
| ৩. | ফাতেমা নার্সিং কলেজ, আদ্-দ্বীন হাসপাতাল, ঢাকা। | পূর্বের আসন বহাল |
| ৪. | গ্রীণ লাইফ নার্সিং কলেজ, গ্রীণ রোড, ধানমন্ডি ঢাকা | পূর্বের আসন বহাল |
| ৫. | স্টেট কলেজ অব হেলথ সাইন্সেস, ধানমন্ডি, ঢাকা । | পূর্বের আসন বহাল |
| ৬. | ইন্টারন্যাশনাল নার্সিং কলেজ, টংগি, গাজীপুর । | বিএসসি-৪০টি বহাল এবং পোস্ট বেসিক বিএসসি- ১০টি বৃদ্ধি করে ৪০টি । |
| ৭. | ইসলামী ব্যাংক নার্সিং কলেজ, রাজশাহী । | পূর্বের আসন বহাল |
| ৮. | উদয়ন নার্সিং কলেজ, রাজশাহী। | পূর্বের আসন বহাল |
| ৯. | টিএমএসএস নার্সিং কলেজ, বগুড়া । | বিএসসি-১৫টি বৃদ্ধি করে ৪০ টি এবং পোস্ট বেসিক বিএসসি- ১০টি বৃদ্ধি করে ৪০টি । |
| ১০. | খাজা ইউনুস আলী নার্সিং কলেজ, এনায়েতপুর, সিরাজগঞ্জ। | পোস্ট বেসিক বিএসসি- ১০টি বৃদ্ধি করে ৪০টি । |
| ১১. | সাখাওয়াত এইচ মেমোরিয়াল নার্সিং কলেজ, সিরাজগঞ্জ । | পূর্বের আসন বহাল |

| | | |
|---|---|---|
| ১২. | গ্রামীন ক্যালেডোনিয়ান কলেজ অব নার্সিং, ঢাকা। | পূর্বের আসন বহাল |
| ১৩. | ঢাকা কমিউনিটি নার্সিং কলেজ, ঢাকা। | পূর্বের আসন বহাল |
| ১৪. | নর্থ ইষ্ট নার্সিং কলেজ, সিলেট। | পূর্বের আসন বহাল |
| ১৫. | প্রাইম নার্সিং কলেজ, রংপুর। | পূর্বের আসন বহাল |
| ১৬. | বেগম রাবেয়া খাতুন চৌধুরী নার্সিং কলেজ, সিলেট। | পূর্বের আসন বহাল |
| ১৭. | রংপুর কমিউনিটি নার্সিং কলেজ রংপুর। | পূর্বের আসন বহাল |
| ১৮. | কলেজ অব নার্সিং সায়েন্স দিনাজপুর। | বিএসসি-১০টি বৃদ্ধি করে ৪০টি এবং পোস্ট বেসিক বিএসসি-পূর্বের আসন বহাল। |
| ১৯. | আর্ট নার্সিং কলেজ, পদুয়ার বাজার, কুমিল্লা। | পূর্বের আসন বহাল |

২। শর্তসমূহ প্রতিপালন পূর্বক ১৫(পনের) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন মন্ত্রণালয়ের নার্সিং উইং-এ এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল-এ প্রেরন করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪৫৭৭৯

চেয়ারম্যান/পরিচালক/অধ্যক্ষ
- - - - - - - - - - - - - - - - - - - - - -নার্সিং কলেজ
- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -।

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০৩২.২০১৫-১০১/১(৫০)

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২৩ / ০৮ মার্চ ২০১৭

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলা নগর, ঢাক।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিভিল সার্জন, - - - - - - - - - - - - - - - - - - - -।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা। এ সংক্রান্ত মন্ত্রণালয়ের ১২-০৭-২০০৯ খ্রিঃ তারিখের নীতিমালার ৫.৬ অনুচ্ছেদ অনুযায়ী কাউন্সিলের নিবন্ধন ও প্রচলিত নিয়মানুযায়ী পরবর্তী অন্যান্য কার্যক্রম গ্রহণসহ বর্ণিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০৩২.২০১৫-১০২

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২৩ / ০৮ মার্চ ২০১৭

বিষয়: **বেসরকারি পর্যায়ে পূর্বানুমোদিত নার্সিং ইনস্টিটিউটের মেয়াদ ও আসন বৃদ্ধির অনুমোদন।**

গত ১৪-০২-২০১৭ তারিখের বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্বাহী কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সরকার নিম্নোক্ত শর্তে বর্ণিত নার্সিং ইনস্টিটিউট সমূহের মান বিবেচনাপূর্বক পূর্বের বরাদ্দকৃত আসন বহাল রেখে ও ক্ষেত্র বিশেষ আসন সংখ্যা বৃদ্ধিকরত: নিম্নোক্ত নার্সিং ইনস্টিটিউটকে সাময়িক অনুমোদনের মেয়াদ বৃদ্ধি ও আসন সংখ্যা বৃদ্ধির অনুমতি প্রদান করছে :

শর্তসমূহ:

১. নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরন সংক্রান্ত নীতিমালা (স্বাপকম/নাসা/বিএনসি/(অডিন্যান্স)-২/২০০৮/৪২৭ তাং ১২/০৭/২০০৯ এর (সর্বশেষ সংশোধনীসহ) যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
২. কমপক্ষে ৩০,০০০ (ত্রিশ হাজার) বর্গফুটের একাডেমিক ভবন ব্যবহার নিশ্চিত করতে হবে।
৩. তাত্তিক শিক্ষার ক্ষেত্রে শিক্ষার্থী-শিক্ষক অনুপাত ২০:১ জন, বিষয়ভিত্তিক ব্যবহারিক শিক্ষার জন্য শিক্ষার্থী: শিক্ষক অনুপাত ৮:১ জন থাকতে হবে।
৪. নীতিমালার ধারা ৬.৯ (১) অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ দিতে হবে। ডিপ্লোমা'র ক্ষেত্রে অধ্যক্ষ এর যোগ্যতাঃ কমপক্ষে বিএসসি ইন নার্সিং পাশসহ ০৫ বছর শিক্ষকতায় অভিজ্ঞ হতে হবে।
৫. ক্লিনিক্যাল প্র্যাকটিসের জন্য প্রয়োজনীয় চুক্তিপত্র/সম্মতিপত্র সংরক্ষন করতে হবে, যা সময়ে সময়ে নিরীক্ষা/ যাচাই করা হবে।
৬. শিক্ষার্থী আনুপাতিক হারে শ্রেনী কক্ষ, ০৭ টি ল্যাব, কমন রুম, লাইব্রেরী, অডিটোরিয়াম, অফিস রুম, হিসাব রুম, স্টোর রুম রাখা নিশ্চিত করতে হবে।
৭. প্রয়োজনীয় উপকরনাদি দ্বারা শিক্ষার্থীদের জন্য হোস্টেল ব্যবস্থা থাকতে হবে।
৮. অনুমোদিত আসনের শতকরা ৫ টি আসন দেশের দরিদ্র, মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত রাখতে হবে।
৯. শিক্ষক ও অন্যান্য স্টাফ লিখিত নিয়োগপত্র দ্বারা নিযুক্ত হবেন যাতে অবশ্যই চাকুরীর শর্তাবলী ও বেতন-স্কেল উল্লেখ থাকবে, নীতিমালার ৬.৯(২) অনুচ্ছেদ মোতাবেক কোন ক্রমেই সরকারি বেতন কাঠামোর নিচে বেতন-ভাতাদি প্রদান করা যাবে না। নিয়োগপত্রের অনুলিপি বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলে প্রেরণ করতে হবে।
১০. কর্মরত নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন সনদ অবশ্যই হালনাগাদ/নবায়ন থাকতে হবে।
১১. কোনক্রমেই বরাদ্দকৃত আসনের ২০% এর বেশি পুরুষ শিক্ষার্থী (ছাত্র) ভর্তি করা যাবে না।
১২. শিক্ষার্থীদের ভর্তি ও সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বিএনএমসি'র প্রতিনিধি রাখা নিশ্চিত করতে হবে।
১৩. যথাসময়ে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলে অধিভুক্তি ফি প্রদান ও স্টুডেন্ট রেজিস্ট্রেশনসহ যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

বিদ্যমান নার্সিং ইনস্টিটিউটসমূহ:

| ক্র:নং | প্রতিষ্ঠানের নাম | মেয়াদ বৃদ্ধি | আসন বহাল/বৃদ্ধি |
|---|---|---|---|
| ১. | আনোয়ারা নার্সিং ইনস্টিটিউট, দিনাজপুর। | - | পূর্বের আসন বহাল। |
| ২. | আদ্-দ্বীন নার্সিং ইনস্টিটিউট, যশোর। | ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ। | পূর্বের আসন বহাল। |
| ৩. | আল-আমিন নার্সিং ইনস্টিটিউট, সিলেট। | - | পূর্বের আসন বহাল। |
| ৪. | আর্ট নার্সিং কলেজ, কুমিল্লা। | - | ২০টি আসন করে ৭০টি বৃদ্ধি। |
| ৫. | খ্রিষ্টিয়ান মিশন হাসপাতাল নার্সিং ইনস্টিটিউট, রাজশাহী। | ২০১৮-১৯ শিক্ষাবর্ষ | পূর্বের আসন বহাল। |
| ৬. | প্রাইম ব্যাংক নার্সিং ইনস্টিটিউট, ঢাকা। | ২০১৭-১৮ শিক্ষাবর্ষ | ২০টি আসন বৃদ্ধি করে ৮০টি। |
| ৭. | প্রাইম নার্সিং কলেজ, রংপুর। | ২০১৭-১৮ শিক্ষাবর্ষ | পূর্বের আসন বহাল। |
| ৮. | প্রফেসর সোহরাব উদ্দীন নার্সিং ইনস্টিটিউট, টাংগাইল। | ২০১৭-১৮ শিক্ষাবর্ষ | ১০টি বৃদ্ধি করে ৪০টি। |
| ৯. | কলেজ অব নার্সিং সায়েন্স দিনাজপুর। | ২০১৮-১৯ শিক্ষাবর্ষ | ১০টি আসন বৃদ্ধি করে ৭০টি। |
| ১০. | কমিউনিটি বেজড নার্সিং ইনস্টিটিউট, উইনারপাড়, ময়মনসিংহ। | ২০১৭-১৮ শিক্ষাবর্ষ | ১০টি আসন বৃদ্ধি করে ৭০টি। |
| ১১. | ঢাকা কমিউনিটি মেডিকেল কলেজ হাসপাতাল, মগবাজার, ঢাকা। | ২০১৭-১৮ শিক্ষাবর্ষ | পূর্বের আসন বহাল। |
| ১২. | বেগম রাবেয়া খাতুন চৌধুরী নার্সিং কলেজ, সিলেট। | ২০১৭-১৮ শিক্ষাবর্ষ | পূর্বের আসন বহাল। |
| ১৩. | রংপুর কমিউনিটি নার্সিং কলেজ, রংপুর। | ২০১৭-১৮ শিক্ষাবর্ষ | পূর্বের আসন বহাল। |
| ১৪. | স্কাবো নার্সিং ইনস্টিটিউট, ময়মনসিংহ। | ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ | পূর্বের আসন বহাল এবং ১৮ মাস মেয়াদি জুনিয়র |

| | | | |
|---|---|---|---|
| | | | মিডওয়াইফারি কোর্সে ২০১৬-১৭ শিক্ষাবর্ষ থেকে চালুকরণসহ আসন সংখ্যা ৪০ (চল্লিশ) টি অনুমোদন। |
| ১৫. | সাফিনা নার্সিং ইনস্টিটিউট, কুষ্টিয়া। | ২০১৭-১৮ শিক্ষাবর্ষ | পূর্বের আসন বহাল। |
| ১৬. | সিলেট রেড ক্রিসেন্ট নার্সিং ইনস্টিটিউট, সিলেট। | - | পূর্বের আসন বহাল। |
| ১৭. | সিলেট উইমেন্স নার্সিং ইনস্টিটিউট, সিলেট। | - | পূর্বের আসন বহাল। |
| ১৮. | সাসেগ-গুরুকুল নার্সিং ইনস্টিটিউট, কুষ্টিয়া। | - | পূর্বের আসন বহাল। |
| ১৯. | দি নর্থ বেঙ্গল নার্সিং ইনস্টিটিউট, ঠাকুরগাঁও। | - | পূর্বের আসন বহাল। |
| ২০. | ল্যাম্ব নার্সিং ইনস্টিটিউট, পার্বতীপুর, দিনাজপুর। | ২০১৭-১৮ শিক্ষাবর্ষ | পূর্বের আসন বহাল। |
| ২১. | মনোয়ারা আনোয়ারা নার্সিং ইনস্টিটিউট, ঠাকুরগাঁও। | - | পূর্বের আসন বহাল। |
| ২২. | এনআইএমডিটি নার্সিং ইনস্টিটিউট, ঢাকা। | - | ১০টি আসন বৃদ্ধি করে ৪০টি। |
| ২৩. | নর্থ ইস্ট নার্সিং কলেজ, সিলেট। | ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ | পূর্বের আসন বহাল। |

২। শর্তসমূহ প্রতিপালন পূর্বক ১৫(পনের) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন মন্ত্রণালয়ের নার্সিং উইং-এ এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল-এ প্রেরন করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪৫৭৭৯

চেয়ারম্যান/পরিচালক/অধ্যক্ষ
---------------------নার্সিং ইনস্টিটিউট
--------------------------------------।

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০৩২.২০১৫-১০২/১(৫০)

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২৩ / ০৮ মার্চ ২০১৭

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিভিল সার্জন, --------------------।
৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা। এ সংক্রান্ত মন্ত্রণালয়ের ১২-০৭-২০০৯ খ্রিঃ তারিখের নীতিমালার ৫.৬ অনুচ্ছেদ অনুযায়ী কাউন্সিলের নিবন্ধন ও প্রচলিত নিয়মানুযায়ী পরবর্তী অন্যান্য কার্যক্রম গ্রহণসহ বর্ণিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। অতিরিক্ত সচিব (শৃংখলা ও নার্সিং)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব